

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

পত্র নং-১৩.০১.০০০০.০৩২.৩৩.৬৫৮.১৬.- ১৩৪ (১২)

তারিখঃ ১৮/০২/২০১৮খ্রি.

বিষয়ঃ বিবিধ সেবা গ্রহণের বকেয়াসহ হালনাগাদ যথা-ভূমি উন্নয়ন কর/সিটি কর/পৌর কর/বিদ্যুৎ বিল/পানি ও পয়ঃনিষ্কাশন/টেলিফোন বিল পরিশোধ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরের আওতাধীন মাঠপর্যায়ের স্থাপনাসমূহের নিকট বিবিধ সেবার বিল যথা-ভূমি উন্নয়ন কর/সিটি কর/পৌর কর/বিদ্যুৎ বিল বকেয়া থাকায় জেলা প্রশাসকগণ/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সরাসরি সচিব, খাদ্য মন্ত্রণালয় বরাবর বকেয়া দাবীর বিষয়ে পত্র লিখেন। পর্যাপ্ত বাজেট থাকা সত্ত্বেও নিয়মিত কর/বিল পরিশোধ না করে বকেয়া রাখা অনাকাঙ্ক্ষিত ও অনভিপ্রেত। এটা প্রতিষ্ঠানের অদক্ষতা ও অস্বচ্ছতার পরিচয় বহন করে।

সম্প্রতি বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগ এবং খাদ্য মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রে দেখা যায় খাদ্য অধিদপ্তরের আওতাধীন মাঠপর্যায়ের স্থাপনাসমূহের নিকট বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিসমূহের বিপুল পরিমাণ বকেয়া দাবী রয়েছে। নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ না করার কোন কারণ থাকতে পারে না। বিদ্যুৎ খাতে পর্যাপ্ত বাজেট থাকা সত্ত্বেও নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ না করায় বকেয়া থাকার বিষয়টি সংশ্লিষ্ট দপ্তর প্রধানের দায়িত্ব ও কর্তব্যের প্রতি উদাসীনতার পরিচায়ক। এজন্য অতিরিক্ত কোন সারচার্জ পরিশোধ করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণই এর জন্য দায়ী থাকবেন।

খাদ্য অধিদপ্তরসহ মাঠপর্যায়ের স্থাপনাসমূহের দাপ্তরিক ও আবাসিক টেলিফোনের বিল নিয়মতান্ত্রিকভাবে পরিশোধ করতে হবে। এক্ষেত্রে কোনরূপ বকেয়া রাখা যাবে না। টেলিফোন খাতে পর্যাপ্ত বাজেট রয়েছে। অন্যান্য ইউটিলিটি বিলের বেলায়ও একই কথা প্রযোজ্য।

এমতাবস্থায় পরিশোধযোগ্য যাবতীয় ইউটিলিটি বিল যাচাই করে তা দ্রুত পরিশোধ করার নির্দেশ দেয়া হলো।

প্রাপকঃ

- ১। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, হিসাব ও অর্থ/প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। তাঁদেরকে বিবিধ সেবা খাতে যথাসময়ে অর্থ বরাদ্দ প্রদান ও বিল পরিশোধের বিষয়ে পরিবীক্ষণ করতে হবে।
- ৪। পরিচালক, সববি/চসসা/সংগ্রহ/পউকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম/অভ্যন্তরীণ নিরীক্ষা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৬। প্রধান মিলার, সরকারি আধুনিক ময়দার মিল, পোস্তগোলা, ঢাকা।
- ৭। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
- ৮। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ৯। সাইলো অধীক্ষক (সকল)
- ১০। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ১১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা।
- ১২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। তাঁকে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

পত্র নং-১৩.০১.০০০০.০৩২.৩৩.৬৫৮.১৬.-

সদয় অবগতি জন্য-

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

তারিখঃ /০২/২০১৮খ্রি.

(মোঃ বদরুল হাসান)

মহাপরিচালক

ফোন-৯৫৮৪৮৩৪

e-mail: dg@dgfood.gov.bd